

দৈনিক
কীর্তনাখাণা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

নতুন আসিকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানের সিমেন্ট

গ্রাদকপ সিমেন্ট

ইন্ডিয়ান মজর গেম্ফ

সেবা : ০১৯১০৫৬৬৬৫, ০১৭১১০২৭৭০৫

বরিশাল ॥ সোমবার ॥ ২১ সেপ্টেম্বর ২০২৬ ॥ ০৯ রবিঃ সানিঃ ১৪৪৮ ॥ ০৮ আশ্বিন ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ১০৭ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

প্রধানমন্ত্রী যুক্তরাষ্ট্র যাচ্ছেন
আজ, জাতিসংঘে ভাষণ
২৪ সেপ্টেম্বর

বীরত্ববাহিনী ডেউ
 বীরত্ববাহিনী তারেক রহমান আজ
 সোমবার ঢাকা থেকে যুক্তরাষ্ট্রের
 হনৈন। তিনি ২৮ সেপ্টেম্বর
 জাতিসংঘ সারার পধিষের
 (ইউএনজিএ) ৮১তম
 অধিবেশনে বাধ্য দেশের
 বাইরের পররাষ্ট্র মন্ত্রণালয়
 আয়োজিত এক সন্ধ্যা সম্মেলনে
 পররাষ্ট্রসচিব আসাদ আলম
 সারিয়া এবং তথ্য জানান।
 পররাষ্ট্রসচিব জানান, প্রধানমন্ত্রী
 তার বক্তব্যে বাংলাদেশের
 গণতান্ত্রিক নৈযাতা, আইনের
 শাসন ও জাতিবাহিত, বিধুশাংক
 ও নিরাপত্তা, জন্মবার পূর্ববর্ত
 টেকসই উন্নয়ন, অর্থনৈতিক
 সংস্কারগতা, যুগ ও নারী
 ক্ষমতায়ন, শিকা ও বাগ্ম,
 (রোহিয়া, শংক) আধুনিক
 প্রযুক্তি ন্যায়ংগত ব্যবসার
 এবং দলপশীতা ব্যবসার
 সন্সকারের বিষয়গত তুলে
 সন্সকারে। বসফের প্রধানমন্ত্রী
 বাংলাদেশে প্রতিনিধিধরনে নেতৃত্ব
 দেবেন। নিউজপের কর্মসূচি
 শেষে ২৭ পাঠ্য দেখন।



বরিশাল নগরীর আছমত আলী খান ইনস্টিটিউশন (একে স্কুল) চত্বরে বৃক্ষরোপণ করেন অ্যাড. মজিবর রহমান সরোয়ার এমপি

বরিশালের ছয় জেলাতেই
ডেঙ্গু, শীর্ষে পিরোজপুর

কীর্তনখোলা রিপোর্ট

নারীশাল বিভাগে ডেপুটি প্রকোপ ক্রমেই বাড়ছে। চলতি বছরের শুরু থেকে কয়েক হাজার সক্রিয় এখন বিভাগের ছা জেলাতেই ছড়িয়ে পড়ছে। স্বাস্থ্য বিভাগের সর্বশেষ হিসাব অনুযায়ী এ পর্যন্ত নব্বো হাজার ৪৪৬ জন ডেপুটি আক্রান্ত হয়েছেন। এর মধ্যে চারজনও মৃত্যু হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী,

মারা গেছেন ১৩ জন। সবচেয়ে বেশি ছয়জনের মৃত্যু হয়েছে ঝালকাঠিতে। আর শিরোজপুরে মারা গেছেন তিনজন। এছাড়া বরিশাল শের-ই-বাংলা মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসায়নি অবস্থায় বরগুনার চারজনের মৃত্যু হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী,

আক্রমণের হিসাবে বিভাগে
সবচেয়ে এগিয়ে পিরোজপুর।
জেলাটিতে চলতি বছরের ১
জানুয়ারি থেকে ১৯ সেপ্টেম্বর
পর্যন্ত দুই হাজার ৪৬৪ জন ডেঙ্গু
রোগী শনাক্ত হয়েছেন। এর
মধ্যে সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন
দুই হাজার ২৯৮ জন। এখনো
৫ এর পাতায় দেখুন

বাকেরগঞ্জে তেলবাহী লরি-
পিকআপের মুখোমুখি
সংঘর্ষ, আহত ২

[illegible]

বরিশাল প্রেসক্লাবের কল্যাণ তহবিলে নিজের
সম্মানীর অর্থ প্রদান করলেন সিটি প্রশাসক

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল প্রেসক্লাবের কল্যাণ
তহবিলে নিজের সম্মানী থেকে
অর্থ দান করলেন বরিশাল সিটি
জাহান শিরীন। গতকাল রোববার
(২০ সেপ্টেম্বর) নগর ভবনে নিজ
দপ্তরে এক অনাড়ম্বর অনুষ্ঠানে

কর্পোরেশনের বিলকিস আক্তার জাহান শিরীন। গতকাল রোববার (২০ সেপ্টেম্বর) নগর ভবনে নিজ দপ্তরে এক অনাড়ম্বর অনুষ্ঠানে

প্রেসক্লাব সভাপতি ও কল্যাণ
তহবিলের সভাপতির হাতে এ
অর্থ প্রদান করেন সিটি প্রশাসক
শিরীন। ২ এর পাতায় দেখুন

বাংলাদেশের
নেতাদের চীনে
প্রশিক্ষণের প্রস্তাব

বীর্ভাখোলা ডিঙি
রাজাধিপতির রাজনৈতিক
দলের নেতাদের জন্য তাঁরা
প্রশিক্ষণের বাবুলা করার প্রস্তাব
দিয়েছেন বলে সংবাদে নিবৃত্ত
হওয়া চীনে বিদ্যারী রদ্রষ্ট্রত ইং
ওয়ে। রোববার (২০
সেপ্টেম্বর) সচিবালয়ে
প্রধানমন্ত্রী জনপ্রশাসনবিধিক
উপমন্ত্রী মো. ইমাইই
জিউট্টাওয়ার সঙ্গে সৌজা
সাক্ষাৎকালে তিনি এ প্রস্তাব
দেন। এমামউউ দেশেই মাঝে
পাশ্চাত্যিক যোগাযোগে বৃদ্ধি এবং
দক্ষতার সম্পদ অত্র এবং এয়োর
নৈতিক বিবরণে আলোচনা হয়
সাক্ষাৎের ওপরে উপমন্ত্রী
ইমাইই জিউট্টাওয়ার বৃত্তষ্ট্রত
ইয়াও ওয়েনেক ফুল দিয়ে
তুলজা তানান এবং পরাপরিক
কর্তৃত্বাধীনতা করেন। পায়ের
দেশের সম্পর্কে বিভিন্ন হির
নিয়ে মতবিনিময় হয়।
জনপ্রশাসন উপমন্ত্রী
বাহাদেশন তাঁর সঙ্গে
নীর্য়াদিনের বৃত্তষ্ট্রত ও অস্থাপন
সম্পর্কে অত্যন্ত গুরুত্ব দেয়
তিনি এ এর পায়ের দেয়ন



গৌরনীতে চার হাজার পিস
ইয়াবাসহ দুইভাই আটক

গৌরনদী প্রতিনিধি

বরিশালের গৌরীদেবীতে অম্বালা ভাঙানো হ'ল ও হাজার পন্থ হযাহাবর আশা দুই হাজারেরও অটম করেচে জেলা গোপালগঞ্জ পুলিশ (ডিবি) শনিবার গৌরীদেবী বস্টান্ডে এলাগা অম্বালা ভাঙানো ভাঙের তাগের অপরাধ করা হয়েছে। আতঙ্কিত হেলনা-পূর্নবর্তী দাবানী উপজেলার ৬ নম্বর ছেদ্দেবু ইউনিয়নের বোয়ালী গ্রামে ডিক্রুর রময়ান হালাদারের শিশু মরা পাচেয়ে হোসেন তুহিন (৩) ও তামিম হোসেন (২৮) হোসেন গোয়েন্দা পুলিশ দূর জাণে গোয়ে, পোনে সবাবদে ভিতরে শনিবার রাত ৮টা ৪০ মিনিটের দিকে গৌরীদেবী বস্টান্ডে এলাগা অম্বালা পরিতাণনা করে ভাঙের একট দল। বরিশালের ডিবি পুলিশের অফিসা পূর্নবর্তী হোয়ামদ এবেতশোয়াব হকের পত্রিকা তুলাবনে পূর্ণি পূর্নবর্তী হোয়ামদ অর্জকু হামলা, এলাগা এক হাল, হাল, দমসাহী এ.স. হানিক শোয়া ও এতাহা এ.স. রফিকুল হামলাহবে ভিতর সবাবদা অযোনে ২ এর পাহার শূন্য

শত শত শিক্ষকের শিক্ষা, শিক্ষার্থীদের প্রচ্যোত বাংলা ভাষাপ্রতিষ্ঠান ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা সরকারের সাবেক বিসমিল্লা প্রদান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যরের লেখা





উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রদ্রোণের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক। সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা হস্তশিল্প বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আউলকাডা কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা

পথিক মোস্তফা (এমএফসি, ইবি)

বই পাঠানোর জন্য যোগাযোগ করুন:

01718246162, 01712189338, 01712926836

SMJ গদ্য প্রকাশন, বরিশাল

প্রকাশনা

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিন্ডা সদর রোড, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি শুকাবতলা, বরিশাল 01711-264963	অব্ধুর লাইব্রেরি শুকাবতলা, বরিশাল 01708-868515	অব্ধুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868514
খলকার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সদর রোড, বরিশাল 01763-107720	রহমান বুক হাউজ শুকাবতলা, বরিশাল 01718-670945	মন্ডুমানার লাইব্রেরি জুজুর নদে বে কলোরে সড়কে, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি উত্তর নদে বে কলোরে সড়কে, বরিশাল 01719-408049	বিক্রেত কলেজ লাইব্রেরি বিক্রেত কলেজ, বরিশাল 01726-074663	হক লাইব্রেরি বি.এ. কলার সড়কে, বরিশাল 01724-851658	আন্দারাক্ষিয়া লাইব্রেরি বি.এ. কলারে, বরিশাল 01717-488085



যৌতুক মামলায়
১৪ বছরের সাজাপ্রাপ্ত পলাতক
আসামি মিলন খেফতার

কীর্তনখোলা রিপোর্ট

বিশিষ্টদের বানারীপাড়া থানায় যৌতুক দানা গুরুত্ব জম্ম করত।
বানারীমা ১৪ বছরে সশ্রম কার্যাবলিও গোয়েন্দিত্ব লাভাত আসামি
মিলন থাকলে দেহতর বহুদৈর্ঘ্য এতাবারি - ১। এতাবারি মূল জানা
যায়, গোপন গোয়েন্দা তথ্যের ভিত্তিতে এতাবারি - ৮, সাধারণ
কোম্পানী, বিশিষ্টদের একটি চৌকস অস্বাভাবিক দল বানারী
মহানারীর কতোকালি মেয়ে থানারী লপতালী এলাকায় এক
অস্বাভাবিক পরীক্ষা করে তারা ত্রেহতার কতো সন্তান
গোপনভাৱে সুভাগ্যে আসামি মিলন দান বিশিষ্ট লেলার উল্লিখিত
থানার বৈকটিকী গ্রামের আসামি আফেদ বানারী মেয়ে। মাগুরা
বিবরণী থেকে জানা গেছে, মিলন থানার বিকল্প নারী ও শিশু নির্যাতন
বিবরণী আইনের ১১(খ) থানার বানারীপাড়া থানায় যৌতুক দানা
গুরুত্ব জম্মের একটি মাগুরা (আিসার নং-১০৭/১৭) চট্টালী। বিজ্ঞ
আদালতে অপরাধ সন্দেহিতভাবে মাগুরি হওয়ায় আদালত তাকে
১৪ বছরে মৃত্যুদণ্ড দেয়। ২ এর থানায় দেখুন

বজ্রপাতের শব্দে আতঙ্ক

বরিশালে তীব্র তাপদাহের পর ভারী বর্ষণে স্বস্তি

কীর্তনখোলা রিপোর্ট

বিরিশাল অঞ্চলজুড়ে অস্বাভাবিক
তাপদাহের পর শনিবার দিবাগত
শেষ রাতের গগনবিদারী
বজ্রপাতের বিকট শব্দের সাথে
শরতের ভারী বর্ষণে আতঙ্কিত
মানুষের ঘুম হারাম হলেও
জনমনে কিছুটা সস্তি নেমে
এসেছে। তবে আশ্বিনের এ

বর্ষণের সাথে প্রায় পুরো দক্ষিণাঞ্চলজুড়েই বিদ্যুৎ বিপর্যয় সাধারণ মানুষের আতঙ্ক আরও বাড়িয়ে দেয়। তবে এ বর্ষণ বরিশাদার কৃষি অঞ্চলের প্রধান দানাদার খাদ্য ফসল আমনের জন্য যথেষ্ট অনুকূল পরিবেশ তৈরি করবে বলে মনে করাচ্ছেন কৃষিবিদগণ। চলতি খরিপ-২

মৌসুমে বরিশাল অঞ্চলে প্রায় ২৪ লাখ টন চাল উৎপাদনের লক্ষ্যে প্রায় ৯ লাখ হেক্টরে রোপা আমনের আবাদ প্রায় শেষ পর্যায়ে। গত কয়েকদিন ধরে তাপমাত্রার পারদ স্বাভাবিকের সাড়ি ও ডিগ্রি ওপরে, প্রায় ৩৭ ডিগ্রি সেলসিয়াস ছুঁই ছুঁই করছিল। ২ এর পাতায় দেখুন

দৈনিক বীণাখালা আত্মপ্রত্যয়ী প্রতিদিন প্রতিনিধি আবশ্যিক

কবীত্বনাথানা

আবুতাহার এরাফিন

মম্বাদাকীয় দেশজুড়ে ডেঙ্গুর ভয়াবহ বিস্তার

কথায় আছে, সময়ের এক ফৌড় আর অসময়ের দশ ফৌড়। দেশে ডেঙ্গু বিস্তারেও দেখা যাচ্ছে একই দশা। একসময় যে ডেঙ্গু ঢাকার মতো নগরকেন্দ্রিক রোগ ছিল, সমস্বয়হীনতা ও সঠিক পদক্ষেপের অভাবে আজ সেটিই সারা দেশে ভয়াবহ মাত্রায় ছড়িয়ে পড়েছে। এবার দেখা যাচ্ছে, ঢাকার চেয়ে বাইরের জেলাগুলোতেই প্রকোপ বেশি। হতাশার বিষয় হলো, ডেঙ্গুর বাহক এডিস মশা নিয়ন্ত্রণে রাজধানীর মতো শহরাঞ্চলে কিছু পদক্ষেপ থাকলেও প্রত্যন্ত অঞ্চলে নেই বললেই চলে। আশঙ্কা করা হচ্ছে, সামনে অক্টোবর মাসের প্রথম দিকেই সংক্রমণ ‘পিক’ পৌঁছাতে পারে। প্রকাশিত খবরে জানা যায়, চলতি বছর দেশে ডেঙ্গু ছড়িয়েছে ৬৪ জেলায়। এর মধ্যে ৫২ জেলায় সংক্রমণ বেড়েছে আর কমেছে ১২ জেলায়। খবরে বলা হয়, গত বছর সেপ্টেম্বরের মাঝামাঝি সময় দক্ষিণাঞ্চলের বরগুনা ছিল ডেঙ্গুর সবচেয়ে বড় হটস্পট। এবার সেই জায়গা নিয়জেে খুলনা। শুধু দক্ষিণ-পশ্চিমাঞ্চল নয়, ময়মনসিংহ, পাবনা, গাজীপুর, চট্টগ্রাম এবং উত্তরাঞ্চলের একাধিক জেলায়ও দ্রুত বাড়ছে রোগী। ঢাকার কালের জেলা গাজীপুরে ডেঙ্গু ব্যাপকহারে ছড়িয়ে পড়ছে। শুধু গাজীপুর জেলায় গত ২০ দিনে ডেঙ্গুতে ১৩ জনের মৃত্যু হয়েছে। জেলায় প্রতিদিন নতুন করে আক্রান্ত হচ্ছে চার শতাধিক মানুষ। অন্যদিকে বরিশাল বিভাগের হয় জেলায় আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে ৯ হাজার ৬৫ জনে। মৃত্যু হয়েছে ১২ জনের। এবারের সবচেয়ে বড় হটস্পট খুলনায় গত বছর সেপ্টেম্বর পর্যন্ত রোগী ছিল মাত্র ৪০১ জন, এবার সেই সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে পাঁচ হাজার ৩৫ জনে। অর্থাৎ গত বছরের তুলনায় প্রায় ১৩.৪ গুণ রোগী বেড়েছে। এসব খবর পরিবেশনে করা হয়েছে স্বাস্থ্য অধিদপ্তরের বরাত দিয়ে। উদ্বেগের ব্যাপার হলো, এসব তথ্য থেকে প্রকৃত চিত্র পুরোপুরি আঁচ করা যাচ্ছে না। কেননা শহর থেকে গ্রামাঞ্চলে অনেক ডেঙ্গুতে আক্রান্ত হচ্ছে কিন্তু হাসপাতালে যাচ্ছে না— তারা সরকারি এই হিসাবের আওতার অসামনে না। দেশের স্বাস্থ্য খাতে অব্যবস্থাপনা নতুন কিছু নয়। জেলা-উপজেলা পর্যায়ে সরকারি হাসপাতালগুলোর অবস্থা বেশ করুণ। অনেক জায়গায় রোগীরা প্রাথমিক সেবাও পায় না। এ কারণে যখনই কোনো রোগের প্রাদুর্ভাব দেখা দেয়, সেই সময় বিজ্ঞানীরা পর্যায়ের হাসপাতালে রোগীর মাজারিভিক চাপ পড়ে। কিন্তু সীমিত সক্ষমতা দিয়ে হাসপাতালগুলোকে পরিস্থিতি সামাল দিতে মারাত্মক বেগ পেতে হয়। রোগীদের জোতাঁজি পাওনে। শয্যা না পেয়ে হাসপাতালেতে কোচেতে চিকিৎসা নেওয়ার দৃশ্য আমোদে কাছে অতিপরিচিত। এডিস মশা নিয়ন্ত্রণে বিশেষজ্ঞ মহল থেকে নানা সময় নানা পরামর্শ দেওয়া হয়েছে। কিন্তু পরিচালপের বিষয়, সেগুলো সময়মতো আমলে নেওয়া হয়নি। কিছু কর্মসূচি নিছক আনুষ্ঠানিকতার মধ্য দিয়ে শেষ হয়েছে। মশা নিধনে গুরুত্বের কার্যকরিতা দিয়েও ভ্রষ্টা দেখা দিয়েছে। অভিযোগ রয়েছে, নকল গুপ্ত ছড়ানো হচ্ছে। এ ছাড়া এডিস নিয়ন্ত্রণে ফ্যার বেশিদের গ্রহণযোগ্যতা অনেক আগেই হারিয়েছে। কীটতত্ত্ববিদ ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রাণিবিদ্যা বিভাগের অধ্যাপক ড. কবিরুল বাশার বলেন, অস্বাভাবিক সন্ধ্যা বিস্তার ঠেকাতে বৈজ্ঞানিক বিশ্লেষণ ও তথ্য-প্রমাণভিত্তিক প্রতিরোধব্যবস্থা জোরদার করতে হবে। তিনি বলেন, ঢালাও মশক নিধন অভিযান চালিয়ে কাক্ষিত ফল পাওয়া কঠিন। কোথায় মশার প্রজনন বেশি হচ্ছে, তা চিহ্নিত করে সুনির্দিষ্টভাবে প্রজননস্থল ধ্বংস করতে হবে। আমরা আশা করি, সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ পরিস্থিতি আমলে নিয়ে কার্যকর ও সমন্বিত পদক্ষেপ গ্রহণ করবে। পাশাপাশি রোগীদের সচিকিৎসা নিশ্চিত করতে জেলা-উপজেলা পর্যায়ে হাসপাতালের সমসমতা বাড়াতে হবে। বর্তমান সরকার ক্ষমতা গ্রহণের পরপর প্রকৃষ্টিত দিয়েছে, স্বাস্থ্য খাতে পর্যাপ্ত লোক নিয়োগ দেওয়া হবে, সেই প্রকৃষ্টিভার আত বাস্তবায়ন প্রয়োজন।

প্রধানমন্ত্রী যুক্তরাষ্ট্র যাচ্ছেন

২৫ সেপ্টেম্বর রাতে তার দেশের উদ্দেশে রওনা হওয়ার কথা রয়েছে। পররাষ্ট্রসচিব বলেন, এবারের অধিবেশনে বাংলাদেশের অংশগ্রহণ কয়েকটি দিক থেকে বিশেষ গুরুত্ব বহন করে। প্রথমত, বর্তমান সরকারের জন্য জাতিসংঘের সর্বোচ্চ বৈশ্বিক মঞ্চে এটিই প্রথম অংশগ্রহণ। এর মধ্য দিয়ে বিশ্ববাসীর সামনে নতুন সরকারের রাজনৈতিক অঙ্গীকার ও ভবিষ্যৎ বাংলাদেশের রূপরেখা তুলে ধরার সুযোগ তৈরি হবে। পররাষ্ট্রসচিব আরও বলেন, ‘প্রধানমন্ত্রী তারেক রহমান প্রথমবারের মতো জাতিসংঘ সাধারণ পরিষদে বাংলাদেশের প্রতিনিধিত্ব করবেন। আবার বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী একই অধিবেশনে সভাপতির দায়িত্ব পালন করবেন। তাই, এটি আমাদের জন্য একদিকে যেমন বিবল ও ঐতিহাসিক মুহূর্ত, অন্য দিকে তেমনই বিশেষ মর্যাদা ও গৌরবের বিষয়।’ পররাষ্ট্রসচিব জানান, অধিবেশনের ফাঁকে প্রধানমন্ত্রী বিভিন্ন দেশের রাষ্ট্র ও সরকারপ্রধান এবং আন্তর্জাতিক সংস্থার শীর্ষ কর্মকর্তাদের সঙ্গে গুরুত্বপূর্ণ বৈঠকে মিলিত হবেন। এসব বৈঠকে দ্বিপাক্ষীয় সম্পর্ক ও সহযোগিতা জোরদারের নতুন সুযোগ সৃষ্টি করবে। সংবাদ সম্মেলনে জানানো হয়, নিউইয়র্কে পৌঁছে প্রধানমন্ত্রী আগামী মঙ্গলবার (২২ সেপ্টেম্বর) থেকে তার অনুষ্ঠানিক কর্মসূচি শুরু করবেন। সকালে তিনি রাষ্ট্র ও সরকারপ্রধানদের জন্য জাতিসংঘ মহাসচিবের আয়োজনে স্বাগত প্রান্তরশ্রে যোগ দেবেন। এরপর তিনি এবারের অধিবেশনের উদ্বোধনী অনুষ্ঠানে অধ্যান বিশ্বনেতার সঙ্গে অংশগ্রহণ করবেন। সন্ধ্যায় তিনি মার্কিন প্রেসিডেন্ট আয়োজিত রাষ্ট্র ও সরকারপ্রধান এবং তাদের সহধর্মিণীদের সম্মানে অভ্যর্থনা অনুষ্ঠানে যোগ দেবেন। প্রধানমন্ত্রী আগামী বুধবার (২৩ সেপ্টেম্বর) বিভিন্ন আন্তর্জাতিক দাতব্য ও মানবিক সংস্থার প্রতিনিধিদের সঙ্গে প্রান্তরশ্রে বৈঠকে মতবিনিময় করবেন। এরপর তিনি ব্রাজিল, দক্ষিণ আফ্রিকা, নরওয়ে ও স্পেন কর্তৃক আয়োজিত বৈশ্বিক বৈষম্য সংকট মোকাবিলাবিষয়ক একটি সভায় বক্তব্য দেবেন। বিকেলে তিনি জাতিসংঘ মহাসচিবের উদ্যোগে আয়োজিত ‘ক্লাইমেট অ্যাকশন অ্যান্ড দ্য জাস্ট ট্রানজিশন’ শীর্ষক উচ্চমানসীর সভায় যোগ দেবেন। প্রধানমন্ত্রী আগামী বৃহস্পতিবারের (২৪ সেপ্টেম্বর) দিনের অধিবেশনের সভাপতি ও বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রীর আমন্ত্রণে সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধির কারণে সৃষ্ট অস্তিত্বগত হুমকি মোকাবিলাবিষয়ক উচ্চপর্যায়ের সভায় উদ্বোধনী বক্তব্য দেবেন। এ সভায় তিনি জলবায়ু ঝুঁকিপূর্ণ দেশ হিসেবে বাংলাদেশের পক্ষ থেকে জলবায়ু অর্থায়ন, অভিযোজন, প্রযুক্তি হস্তান্তর, লস অ্যান্ড ডামেজ এবং জলবায়ু ন্যায়বিচারের পক্ষে বাংলাদেশের জোরালো অবস্থান তুলে ধরবেন। প্রধানমন্ত্রী একই দিন বিকেলে জাতিসংঘ সাধারণ পরিষদের সাধারণ বিতর্ক পর্বে ভাষণ দেবেন বলে আশা করা হচ্ছে। জিয়া পরিবারের তৃতীয় সদস্য হিসেবে জাতিসংঘে ভাষণ দিতে যাচ্ছেন তারেক রহমানজিয়া পরিবারের তৃতীয় সদস্য হিসেবে জাতিসংঘে ভাষণ দিতে যাচ্ছেন তারেক রহমান এ ছাড়া, প্রধানমন্ত্রী বাংলাদেশের আয়োজনে দুটি গুরুত্বপূর্ণ সাইড ইভেন্টে অংশ নেবেন। তিনি আগামী বুধবার রোহিঙ্গা সংকটবিষয়ক সাইড ইভেন্টে রোহিঙ্গাদের দ্রুততম সময়ে মিয়ানমারে ফেরত পাঠানোর জন্য আন্তর্জাতিক সম্প্রদায়ের কার্যকর সহযোগিতা চাইবেন।

সংবিধান সংশোধনের বিশেষ

প্রত্যাখানসহ ছয় দফা দাবি জানিয়েছে ১১-দলীয় এক। জোটটি বলছে, গণভোটে অনুমোদিত সংস্কার বাস্তবায়নের কাজ সংবিধান সংস্কার পরিষদের মাধ্যমেই সম্পন্ন করতে হবে। রোববার (২০ সেপ্টেম্বর) দুপুরে জাতীয় প্রেস ক্লাবে আয়োজিত সংবাদ সম্মেলনে এ অবস্থানের কথা জানান জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার। তিনি বলেন, গণভোটে ৭০ শতাংশ মানুষের ভোটদানের মাধ্যমে জুলাই জাতীয় সনদে বিএনপির নেট অব ডিসেন্ট প্রত্যাখ্যাত হয়েছে। গণভোটে জনগণের দেওয়া রায়কে সম্মান করা রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলোর দায়িত্ব। গণভোটে অনুমোদিত সাংবিধানিক সংস্কার যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। জনগণের রায় উপেক্ষা করে কোনো প্রক্রিয়া গ্রহণযোগ্য নয়। গোলাম পরওয়ার বলেন, আমরা জুলাই জাতীয় সনদের ভিত্তিতে সাংবিধানিক

সংস্কারের আমরা গণভোটে প্রায় ৬৯ শতাংশ জনগণের ভোটের রায় বাস্তবায়নের পক্ষে। আমরা জনগণের সার্বভৌম ও গাঠনিক ক্ষমতার মর্যাদা রক্ষার পক্ষে। তিনি বলেন, সংসদীয় বিশেষ কমিটির মাধ্যমে গণভোটে অনুমোদিত সংস্কার-প্রক্রিয়ার বিকল্প তৈরির উদ্যোগ ১১-দলীয় ঐক্যের কাছে গ্রহণযোগ্য নয়। একই ব্যক্তিত্বা সংসদ সদস্য এবং সংস্কার পরিষদের সদস্য হতে পারেন; তবে দুটি প্রতিষ্ঠানের আইনগত পরিচয়, ক্ষমতার উৎস ও কার্যপরিধি এক নয়। সংবাদ সম্মেলনে ১১-দলীয় ঐক্যের পক্ষ থেকে ছয়টি দাবি তুলে ধরেন গোলাম পরওয়ার। দাবিগুলো হলো— প্রথমত, গণভোটে জনগণের দেওয়া রায় যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। দ্বিতীয়ত, জুলাই জাতীয় সনদে অন্তর্ভুক্ত এবং গণভোটে অনুমোদিত সাংবিধানিক সংস্কারগুলো বাস্তবায়ন করতে হবে। তৃতীয়ত, গণভোটে অনুমোদিত প্রক্রিয়াকে পাশ কাটিয়ে সংসদীয় বিশেষ কমিটির মাধ্যমে মৌলিক সাংবিধানিক সংস্কার বাস্তবায়নের বর্তমান উদ্যোগ প্রত্যাখ্যান করতে হবে। চতুর্থত, নির্বাচিত প্রতিনিধিদের সংবিধান সংস্কার পরিষদের সদস্য হিসেবে নির্ধারিত প্রক্রিয়া সম্পন্ন করে পরিষদকে কার্যকর করতে হবে। পঞ্চমত, জনগণের সম্মতি ও গণভোটের ম্যাডেটকে পাশ কাটিয়ে একান্তরফাভাবে সংবিধানের মৌলিক কাঠামো-সংশ্লিষ্ট পরিবর্তন আবার উদ্যোগ থেকে বিরত থাকতে হবে। ষষ্ঠত, জনগণের প্রত্যাশা, গণভোটের রায় ও রাজনৈতিক ঐকমত্যের ভিত্তিতে রাষ্ট্রীয় ও সাংবিধানিক সংস্কারের প্রক্রিয়া এগিয়ে নিতে হবে। গোলাম পরওয়ার আরও বলেন, জুলাইয়ের গণঅভ্যুত্থানের আকাঙ্ক্ষা, জুলাই জাতীয় সনদ এবং গণভোটে প্রকাশিত জনগণের রায়ের প্রতি সম্মান দেখানোই বর্তমান সাংবিধানিক মতপার্থক্য নিষসনের গণতান্ত্রিক পথ। জনগণের ভোট কোনো দলের রাজনৈতিক সুবিধা অনুযায়ী গ্রহণ বা উপেক্ষা করার বিষয় নয়। তিনি বলেন, গণরায়ের প্রতি সম্মান দেখানোই গণতন্ত্রের মূল দাবি। সংবাদ সম্মেলনে আরও উপস্থিত ছিলেন জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারি জেনারেল ড. এএইচএম হামিদুর রহমান আযাদ, লেবার পার্টির স্যোরম্যান মোস্তাফিজুর রহমান ইব্রাহ্ন, জাগপার সহসভাপতি রাশেদ প্রধানসহ ১১-দলীয় ঐক্যের নেতারা।

মাদক নির্মূলে শিক্ষার

মন্ত্রী ড. আন ম এছানুল হক মিনা। রোববার (২০ সেপ্টেম্বর) শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে ‘শিক্ষা ব্যবস্থা: কুমিল্লা কনসেপ্ট’ বিষয়ক আলোচনা সভায় প্রধান অতিথির হত্তব্যে তিনি এ কথা বলেন। এ সময় কুমিল্লা ৬ আসনের সংসদ সদস্য মো. মনিরুল হক চৌধুরীসহ কুমিল্লা অঞ্চলের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধান ও সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন। শিক্ষামন্ত্রী বলেন, মাদকের সমস্যা নির্মূলে শিক্ষা অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। তাই শিক্ষাকে গ্রাহ্যনা দিয়ে এবং শিক্ষাপ্রতিষ্ঠানগুলোকে কাজে লাগিয়ে সমাজ থেকে মাদকের সমস্যা দূর করার উদ্যোগ নিতে হবে। এক্ষেত্রে প্রতিটি এলাকার শিক্ষানুরাগী, গোপাল্য ব্যক্তি, সমাজসেবকসহ সবাইকে একযোগে কাজ করতে হবে। তিনি আরও বলেন, শিক্ষাব্রা শিক্ষাদীদের অভিভাবকত্বলা। তাই প্রতিটি শিক্ষককে শিক্ষাদীদের নিজেস্ব সন্তানের মতোই মনে করতে হবে। শিক্ষাদীদের নিজেদের সন্তানের মতো করেই শিক্ষা দিতে হবে। তাদের নৈতিক মূল্যবোধের সঙ্গে গড়ে তুলতে হবে। ড. এছানুল হক মিনা বলেন, প্রধানমন্ত্রী তারেক রহমান শিক্ষায় সর্বোচ্চ গুরুত্ব দিয়ে কাজ করছেন। বিভিন্ন এলাকার সংসদ সদস্যরাও স্বপ্ররোচিত হয়ে শিক্ষার উন্নয়নে কাজ করছেন। শিক্ষা ব্যবস্থার উন্নয়নে ‘কুমিল্লা কনসেপ্ট’ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে মন্ত্রী আশাবাদ ব্যক্ত করেন।

আ.লীগের অপতৎপরতায় সরকার

সলাহউদ্দিন আহমাদ। রোববার (২০ সেপ্টেম্বর) বাংলাদেশ সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলনক্ষেত্র সমসাময়িক আইনশৃঙ্খলা পরিস্থিতির বিষয়ে আয়োজিত এক জরুরি প্রেস ব্রিফিংয়ে তিনি এ মন্তব্য করেন। সম্প্রতি রাজধানীর বিভিন্ন স্থানে রাতের আধারে ককটেল বিক্ষোণণ ও পাকিং করা বাসে অগ্নিসংযোগের ঘটনার কড়া সমালোচনা করে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, নিষিদ্ধ ঘোষিত রাষ্ট্রপনৈতিক দল অণ্ডোমী লীগের তথাকথিত লকডাউন কর্মসূচিকে কেন্দ্র করে এ অপতৎপরতা চালানো হয়েছে। ককটেলবাজির ঘটনায় মোরারাইফেল্লেরহ আসামিদের প্রেহৃতার করে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। এমনকি হাইকোর্টে ফটক ও যানবাহারের ঘটনায় জড়িতদের হত্যাকারের অভিযোগ আওতার আনা হয়েছে। সিসিটিভি ফুটেজ পরিদেয় করে অন্যান্য ঘটনায় জড়িতদেরও শনাক্ত করার কাজ চলছে। জনগণ ও সরকার এসব অপতৎপরতায় মোটেও শব্বিত নয় এবং দেশবাসী ইতোমধ্যে এদের বর্জন ও প্রত্যাখ্যান করেছে। বিরোধী দলের সাম্প্রতিক লংমার্চ প্রসঙ্গে মন্ত্রী বলেন, গণতান্ত্রিক সংস্কৃতির কোনো রাজনৈতিক দলের গঠনমূলক সমালোচনা ও কর্মসূচি পালনের অধিকার রয়েছে। সম্প্রতি চট্টগ্রাম ও উত্তরাঞ্চলে বিরোধী দলের লংমার্চগুলো সম্পূর্ণ শান্তিপূর্ণভাবে সম্পন্ন হয়েছে এবং আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী তাদের সার্বিক সহযোগিতা প্রদান করেছে। রাজনীতিতে জনগণের মাধ্যমেই সবকিছুর চূড়ান্ত সিদ্ধান্ত হবে উল্লেখ করে তিনি বলেন, সরকারের প্রধান দায়িত্ব শান্তিশৃঙ্খলা বজায় রাখা এবং বিপর্যহীতার সংস্কৃতি দূর করে যেকোনো অপরাধের দ্রুত বিচার নিশ্চিত করা। বিদ্রোহ ও জ্বালানি সংকটের বিষয়ে কথা বলতে গিয়ে মন্ত্রী আন্তর্জাতিক বাজারে তেলের মূল্যবৃদ্ধি এবং অতীতে দেশীয় গ্যাস অনুসন্ধানে উদাসীনতাকে মূল কারণ হিসেবে চিহ্নিত করেন। তিনি বলেন, বিগত আমলের পৃষ্ঠভূত সমস্যার কারণে বিদ্রোহ ও জ্বালানি খাতে সাময়িক সংকট তৈরি হলেও বর্তমান সরকার দেশের নিজস্ব সম্পদ আহরণে মনোযোগ দিয়েছে। দেশের শিল্পখাতে গ্যাসের ধারাবাহিক সরবরাহ বজায় রাখতে ২০৩০-৩১ সালের মধ্যে নতুন ১৫০টি গ্যাসকূপ খননের পরিকল্পনা নেওয়া হয়েছে। এরই অংশ হিসেবে তিনিসে গ্যাসক্ষেত্রেের ২৮ নম্বর কূপ খননে ইতোমধ্যে দৈনিক ১২ মিলিয়ন ঘনমুঠ গ্যাস জাতীয় খ্রিতে যুক্ত করা হয়েছে। নিজস্ব প্রাকৃতিক সম্পদের ব্যবহারের মাধ্যমে বাংলাদেশ দ্রুতই গ্যাসে স্বয়ংসম্পূর্ণ হবে এবং বিদ্রোহ ও জ্বালানি সংকটের স্থায়ী সমাধান মিলবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। রাজধানীর তেজগাঁওয়ের ঘটনা সম্পর্কে সাংবাদিকদের প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, গত শুক্রবারে তেজগাঁওয়ের একটি মসজিদে নামাজ শেষে গোপন বৈঠকে বসলে গোয়েন্দা তথ্যের ভিত্তিতে ২৩ জনকে আটক করা হয়। আটককৃতদের মোবাইল ফোন ফরেনসিক ও প্রাথমিক জিজ্ঞাসাবাদের পর যাদের বিরুদ্ধে কোনো প্রমাণ পাওয়া যায়নি, সেই ১১ জনকে অভিভাবকদের জিম্মায় ছেড়ে দেওয়া হয়েছে। বাকিদের বিষয়ে পাওয়া তথ্যানুসারে তারা ইত্তেহাদুল উম্মাহ নামে একটি নতুন উগ্রবাদী সংগঠন গড়ে তোলার চেষ্টা করছিল। যেকোনো ধরনের উগ্রবাদী তৎপরতার বিষয়ে সরকারের জিরো টোলারেজ নীতি পুনর্ব্যক্ত করে মন্ত্রী জানান, জড়িতদের বিরুদ্ধে মামলা দায়ের করে রিয়ার্ডে আনা হয়েছে এবং আইনানুযায়ী তদন্ত কার্যক্রম অব্যাহত রয়েছে।

কর্মসংস্থানমুখী শিক্ষায় জোর

চাহিদা উপযোগী করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের কারিকুলাম প্রস্তুত করতে হবে, যাতে অসুখা বেকার সৃষ্টি না হয়। সোমবার (২০ সেপ্টেম্বর) দুপুরে বঙ্গবন্ধু জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড.এএসএম আমানুল্লাহর নেতৃত্বে একটি প্রতিনিধিদল রাষ্ট্রপতির সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করতে গেলে তিনি এসব কথা বলেন। সাক্ষাৎকালে উপাচার্য অধ্যাপক ড.এএসএম আমানুল্লাহ জাতীয় বিশ্ববিদ্যালয়ের কর্মমুখী শিক্ষা, সিলেবাস পরিবর্তন ও সার্বিক একাডেমিক কার্যক্রম সম্পর্কে রাষ্ট্রপতির অবগতি করেন। তিনি বিশ্ববিদ্যালয়ের শিক্ষাবোর্ড, প্রশাসনিক সুযোগ-সুবিধা ও কল্যাণমূলক ব্যবস্থার উন্নয়নে সহযোগিতা

কামনা করেন। রাষ্ট্রপতি তাদের সহযোগিতার আশ্বাস দিয়ে বলেন, অতীতের ফ্যাসিবাদী শাসনামলে কৃত্রিমভাবে পাসের হার বৃদ্ধি করে দেশের শিক্ষাব্যবস্থাকে ধ্বংসের দ্বারপ্রান্তে নিয়ে যাওয়া হয়েছিল। বর্তমান সরকার জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষার মানোন্নয়ন, দক্ষ মানবসম্পদ গড়ে তোলা এবং শিক্ষকদের ক্ষমমতা বৃদ্ধিতে কাজ করছে। এ সময় রাষ্ট্রপতি উন্নত বিশ্বের শ্রমবাজারের চাহিদা বিবেচনায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে প্রযুক্তি ও কারিগরি শিক্ষার পাশাপাশি স্বাস্থ্যসেবা, সহযোগী স্বাস্থ্যসেবা, কারিগরি ও উচ্চতর শিক্ষা এবং আইসিটি বিষয়ে হয় মাস ও এক বছরের স্বল্পমেয়াদি দক্ষতা উন্নয়ন কোর্স চালুর আহ্বান জানান। মিজা ফখরুল ইসলাম আলমগীর বলেন, এ ধরনের কর্মমুখী শিক্ষা কার্যক্রমের মাধ্যমে আন্তর্জাতিক মানসম্পন্ন দক্ষ জনশক্তি তৈরি ও বৈদেশিক কর্মসংস্থান বৃদ্ধি সম্ভব হবে। পাশাপাশি দেশের প্রতিটি জেলায় পর্যায়ক্রমে পারফর্মিং আর্টস কলেজ প্রতিষ্ঠার ওপর গুরুত্বারোপ করেন তিনি। সাক্ষাৎকালে জাতীয় বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন অনুষ্ঠানে আচার্য (চ্যান্সেলর) হিসেবে উপস্থিত থাকার জন্য রাষ্ট্রপতিকে আনুষ্ঠানিক আমন্ত্রণ জানান অধ্যাপক আমানুল্লাহ। রাষ্ট্রপতি আমন্ত্রণ গ্রহণ করে সমাবর্তনে উপস্থিত থাকার বিষয়ে আশ্বস্ত করেন। সাক্ষাৎকালে রাষ্ট্রপতির সংশ্লিষ্ট সচিবরা এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য, রেজিস্ট্রার ও ট্রেজারার উপস্থিত ছিলেন।

বরিশাল প্রেসক্লাবের কল্যাণ তহবিলে নিজের

শনিবার প্রেসক্লাব মিলনামতনে সন্ধ্যা প্রয়াত সাংবাদিক পুলক চ্যাট্টাঞ্জীর স্মরণ সভায় প্রেসক্লাব কল্যাণ তহবিলের জন্য নগর প্রশাসকদের অনুলান প্রদানের আহ্বান জানানো তিনি তাতে সম্মতি জানিয়ে পদনিই তার ওয়াদা রক্ষা করলেন। প্রেসক্লাবের অনুষ্ঠানে পুলক চ্যাট্টাঞ্জীর পরিবারের হাতে কল্যাণ তহবিলের পক্ষে সহায়তার চেকও তুলে দেন বরিশাল সদর আসনের এমপি আজু, মজিবর রহমান সরোয়ার ও সিটি প্রশাসক শিহীন। অ্যাড. মজিবর রহমান সরোয়ার এমপি নিজেরও পুলক চ্যাট্টাঞ্জীর পরিবারের জন্য সহায়তার কথা ঘোষণা করেছেন।

বাংলাদেশের নেতাদের চীনে

বাংলাদেশেদের অন্যতম বৃহৎ বাণিজ্য ও বিনিয়োগ অংশীদার। বাণিজ্য ও বিনিয়োগের পাশাপাশি শিক্ষা, প্রযুক্তি, মানবসম্পদ উন্নয়ন, প্রশাসন ও জ্ঞান-বিজ্ঞানসহ বিভিন্ন ক্ষেত্রে দুই দেশের সহযোগিতা বিস্তৃত হয়েছে।তিনি জানান, বাংলাদেশের টেকসই উন্নয়নে চীনের সহযোগিতা গুরুত্বপূর্ণ। যৌথ গবেষণা, প্রযুক্তি ও দক্ষতা বিনিময় এবং সাংস্কৃতিক যোগাযোগ বাড়ানোর মাধ্যমে দুই দেশের জনগণের পারস্পরিক জ্ঞানোপাড়া ও বন্ধুত্ব আরও গভীর করা সম্ভব। সাক্ষাতে ইয়াও ওয়েন বলেন, সম্প্রতি বাংলাদেশ থেকে বিভিন্ন পর্যায়ের প্রতিনিধিদলের চীন সফরের পরিশ্রমক্ষেত্রে দুই দেশের সম্পর্ক আরও দৃঢ় হয়েছে। বিশেষ করে প্রধানমন্ত্রী তারেক রহমানের চীন সফরের পর এই সম্পর্ক নতুন উচ্চতায় পৌঁছেছে। বাংলাদেশ-চীন বন্ধুত্ব আরও জোরদার করতে ‘চায়না-বাংলাদেশ ফ্রেডশিপ সোসাইটি’র উদ্যোগে বাংলাদেশে একটি সুশৃঙ্খল, সুনির্দিষ্ট ও পরিকল্পিত প্রশিক্ষণের ব্যবস্থা করা যায় বলে মত দেন ইয়াও ওয়েন। এই ব্যবস্থায় বাংলাদেশের বিভিন্ন রাজনৈতিক দলের নেতাদের জন্য প্রশিক্ষণের সুযোগ থাকবে। এর মাধ্যমে দুই দেশের রাজনৈতিক দলগুলোর মধ্যে যোগাযোগ ও পারস্পরিক বোঝাপড়া বাড়বে বলে তিনি উল্লেখ করেন। চীনা কমিউনিস্ট পার্টি ও বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারকের কথা উল্লেখ করে দুই দলের সহযোগিতা আরও বাড়ানোর ওপর গুরুত্ব দেন রাষ্ট্রদূত। সাক্ষাতে চীনের দূতাবাসের সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

বরিশালের ছয় জেলাতেই

চিকিৎসাধীন আছেন ১৬৫ জন। রোগীর সংখ্যা বেড়ে যাওয়ায় পিরোজপুরের হাসপাতালগুলোতে চিকিৎসাব্যয় দিতে গিয়ে হিমশঙ্কা খেতে হচ্ছে। শয্যা না থাকায় জেলা সদর হাসপাতালে রোগীদের মেঝেতেও চিকিৎসা দেওয়া হচ্ছে। বিভাগের মধ্যে ডেঙ্গু আক্রান্তে দ্বিতীয় স্থানে রয়েছে বরিশালকাঠি জেলা। এ জেলায় চলতি বছরের ১ জানুয়ারি থেকে ১৯ সেপ্টেম্বর পর্যন্ত আক্রান্ত হয়েছে দুই হাজার ১৬ জন। এর মধ্যে সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন এক হাজার ৯৬৩ জন। এখনো চিকিৎসাধীন আছেন ৫৫ জন। বিভাগে ডেঙ্গু আক্রান্তে তৃতীয় স্থানে রয়েছে পটুয়াখালী জেলা। এ জেলার বিভিন্ন উপজেলার স্বাস্থ্য কমপ্লেক্স এবং পটুয়াখালী মেডিকেল কলেজ ও হাসপাতালে চলতি বছরের ১ জানুয়ারি থেকে ১৯ সেপ্টেম্বর পর্যন্ত ডেঙ্গু আক্রান্ত হয়ে ভর্তি হয়েছে এক হাজার ৩৬২ জন। এর মধ্যে সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন এক হাজার ২৫৮ জন। এখনো চিকিৎসাধীন আছেন ১০৪ জন। ডেঙ্গু আক্রান্তে চতুর্থ স্থানে রয়েছে বরগুনা জেলা। এ জেলার শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল ও বিভিন্ন উপজেলার স্বাস্থ্য কমপ্লেক্সে চলতি বছরের ১ জানুয়ারি থেকে ১৯ সেপ্টেম্বর পর্যন্ত ডেঙ্গু আক্রান্ত হয়ে ভর্তি হয়েছে এক হাজার ২৭৭ জন। এর মধ্যে সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন এক হাজার ১৭৬ জন। এখনো চিকিৎসাধীন আছেন ১০১ জন। বিভাগে ডেঙ্গু আক্রান্ত পঞ্চম স্থানে রয়েছে বরিশাল জেলা। এ জেলার হাসপাতাল ও বিভিন্ন উপজেলার স্বাস্থ্য কমপ্লেক্সে বছরের শুরু থেকে ১৯ সেপ্টেম্বর পর্যন্ত ডেঙ্গু আক্রান্ত হয়ে ভর্তি হয়েছে ৯১১ জন। এর মধ্যে সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন ৮৪৩ জন। এখনো চিকিৎসাধীন আছেন ৬৮ জন। বিভাগের মধ্যে সবচেয়ে কম ডেঙ্গু আক্রান্ত হয়েছে ভোলা জেলায়। এ জেলার হাসপাতাল ও বিভিন্ন উপজেলার স্বাস্থ্য কমপ্লেক্স চলতি বছরের ১ জানুয়ারি থেকে ১৯ সেপ্টেম্বর পর্যন্ত ডেঙ্গু আক্রান্ত হয়ে ভর্তি হয়েছে ৫৬৬ জন। এর মধ্যে সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন ৫২৭ জন। এখনো চিকিৎসাধীন আছেন ৩৯ জন। এ ছাড়া বিভাগের বিভিন্ন স্থান থেকে ডেঙ্গু আক্রান্ত হয়ে বরিশাল শের-ই-বাংলা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি হয়েছে ৮০২ জন। এর মধ্যে সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন ৬৪২ জন। এখনো চিকিৎসাধীন আছেন ১৬৭ জন। বরিশাল শের-ই-বাংলা মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসা নিতে আসা দেশোয়ার হাসেন বলেন, প্রতিটি বেডের জন্য একটি করে মশারি দেওয়া হয়। রোগীর সংখ্যা বেড়ে গেলে অতিরিক্ত মশারি পাওয়া যায় না। আবার অনেক রোগী মশারি পেলেও তা নিয়ম অনুযায়ী ব্যবহার করেন না। ডেঙ্গু প্রতিরোধে এ বিষয়ে সবাইকে আরও সচেতন হওয়ায় প্রয়োজন রয়েছে। বরিশাল সিটি করপোরেশনের প্রশাসক বিলকিস আক্তার জাহান শিহীন বলেন, নগরীর ৩০টি ওয়ার্ডে ডেঙ্গু আক্রান্তের সংখ্যা তুলনামূলকভাবে বেশি নয়। তা ছাড়া বরিশাল জেলা ও নগরীতে ডেঙ্গুতে মৃত্যুর ঘটনাও নেই। শের-ই-বাংলা মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় যারা মারা গেছেন, তারা সবাই অন্যান্য জেলার বাসিন্দা। তিনি জানান, ডেঙ্গু প্রতিরোধে নগরীর বিভিন্ন পুকুর, ডোবা ও ৩০টি ওয়ার্ডের ড্রেন পরিষ্কার করা হচ্ছে। পাশাপাশি স্কুল-কলেজে সচেতনতামূলক কার্যক্রম পরিচালনার পাশাপাশি ফগার মেশিন দিয়ে প্রতিদিন মশক নিধন কার্যক্রম চালানো হচ্ছে। খোঁজ নিয়ে জানা গেছে, পিরোজপুর জেলায় হাসপাতালে প্রতিদিন পাড়ে প্রায় ৪০ জন ডেঙ্গু রোগী ভর্তি হচ্ছেন। ১০০ শয্যার জেলা হাসপাতালে প্রতিদিনই বিপুলসংখ্যক রোগীকে ডেঙ্গুর চিকিৎসা দিতে হিমশিম খাচ্ছে কর্তৃপক্ষ। ফলে পর্যাপ্ত শয্যা না থাকায় হাসপাতালের মেঝেতেও রোগীদের চিকিৎসা নিতে দেখা গেছে। এতে রোগী ও স্বজনদের দুর্ভোগও বেড়েছে। হাসপাতালে ভর্তি নাজমা বেগম বলেন, মশক দিন ধরেই তিনি দুর্লভতা, স্নান ও ঘুমি বমি ভাব অনুভব করছেন। হাসপাতালে রোগীর চাপ বেশি হওয়ায় থাকার জায়গা ও প্রয়োজনীয় চিকিৎসা সেবা থেকে ভোগান্তিতে পড়তে হচ্ছে। আরেক রোগীর স্বজন ফাতেমা বেগম বলেন, তার নাতির

শারীরিক অবস্থার অবনতি হওয়ায় হাসপাতালে ভর্তি করেছেন। কিন্তু কোনো শয্যা খালি না থাকায় মেঝেতে চাদর বিছিয়ে তাকে রাখতে হচ্ছে। পিরোজপুরের সিভিল সার্জন ডা. মো. মতিউর রহমান বলেন, মশক নিধন কার্যক্রমে কিছুটা ধীরগতি রয়েছে। তবে জেলা সদর হাসপাতাল ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সগুলোতে পর্যাপ্ত গুপ্তধ ও স্যালাইনের মজুত রয়েছে। ডেঙ্গু পরীক্ষার অ্যান্টিজেন কীটও সরবরাহ করা হচ্ছে। সরকারি ব্যবস্থাপনায় রোগীদের বিনা মূল্যে চিকিৎসা দেওয়া হচ্ছে। তিনি আরও বলেন, পিরোজপুরে প্রচুর সুপারি ও নারকেল গাছ রয়েছে। কাটা গাছের গোড়ায় জমে থাকা পানি এডিস মশার বংশবিস্তারের অন্যতম স্থান হয়ে উঠেছে। পাশাপাশি নারকেলের খোসা, ভবনের ছাদ, নির্মাণাধীন ভবন, নালা ও নার্সারির টবেও এডিস মশার লার্ভা পাওয়া যাচ্ছে। এ পরিস্থিতিতে পৌরসভা ও উপজেলা প্রশাসনের কর্মকর্তাদের সঙ্গে আলোচনা করে মশক নিধন কার্যক্রম আরও সক্রিয় করার অনুরোধ জানানো হয়েছে। অপরদিকে ঝালকাঠিতে ডেঙ্গু আক্রান্তের সংখ্যা বাড়তে থাকায় উদ্বেগ জানিয়েছেন জেলার সিভিল সার্জন ডা. হুমায়ুন কবির। তিনি বলেন, ঝালকাঠি পৌরসভার কাঠপাটি, বালাপাট, বাঁশপাটি, কলাবাগান, স্টেশন রোড, সিটি পার্ক ও ফকিরবাড়িসহ মোট নয়টি এলাকাকে ডেঙ্গুর জন্য ঝুঁকিপূর্ণ হিসেবে চিহ্নিত করা হয়েছে। ডেঙ্গুর বিস্তার ঠেকাতে এবাব এলাকায় জনসচেতনতা বাড়ানোর পাশাপাশি এডিস মশার প্রজননস্থল ধ্বংসের ওপর গুরুত্ব দেওয়া হচ্ছে। বরিশাল বিভাগীয় স্বাস্থ্য পরিচালক ডা. মো. রেফায়েতুল হায়দার বলেন, আগে বরিশাল বিভাগের ডেঙ্গুর ইম্পস্ট অফিসে বরগুনার চিকিহত করা হলেও এবার সেখানে আকৃষ্টের সংখ্যা কমেছে। চলতি বছর পিরোজপুরে সবচেয়ে বেশি রোগী পাওয়া যাচ্ছে। দ্বিতীয় অঞ্চলনে রয়েছে ঝালকাঠি। তিনি আরও বলেন, ডেঙ্গু প্রতিরোধে মানুষের সচেতনতা কিছুটা বেড়েছে। তবে আরও সচেতনতা প্রয়োজন। পাশাপাশি ইউনিয়ন, পৌরসভা ও সিটি করপোরেশনের দায়িত্বশীলদের মশক নিধন কার্যক্রম আরও জোরদার করতে হবে।

যাত্রীবাহি বাসের চাপায়

বলেন, খবর পেয়ে ফায়ার সার্ভিসের একটি দল ঘটনাস্থলে গিয়ে তিনজনের পরদেহ উদ্ধার করে হাইওয়ে পুলিশের কাছে হস্তান্তর করে। আহত কয়েকজনকেও উদ্ধার করে হাসপাতালে নেওয়া হয়। পটুয়াখালী সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা এ. মনিরুজ্জামান বলেন, দুর্ঘটনাকবলিত বাসটি উদ্ধার করা হয়েছে। এ বিষয়ে আইনি ব্যবস্থা নেওয়া হবে।

১৪ বছরের সাজাপ্রাপ্ত পলাতক

১,০০,০০০ (এক লক্ষ) টাকা অর্থও প্রদান করেন। অর্থও অনাদায়ে তাকে আরো ১ বছরের বিনামূল্য কারাদণ্ড দেওয়া হয়েছে। মামলাটির রায় ঘোষণার পর থেকেই উজিরপুর থানায় তার বিরুদ্ধে সাজা ওয়ারেন্ট জারি ছিল। র্যাব জানায়, প্রেক্ষারত এড়াতে আসামি অত্যন্ত চতুরতার সাথে দীর্ঘদিন ধরে দেশের বিভিন্ন স্থানে আত্মগোপনে ছিলেন। তথ্য প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহার ও গোয়েন্দা নজরদারির মাধ্যমে তার অবস্থান নিশ্চিত করে তাকে ফেব্রুয়ারি করা হয়। প্রেক্ষতারকৃত আসামিকে পরবর্তী আনুষঙ্গ্য ব্যবস্থা গ্রহণের জন্য বরিশাল জেলার উজিরপুর থানায় হস্তান্তর করা হয়েছে।

বরিশালে তীব্র তাপদাহের

পুরো আকাশজুড়েই কখনো কালো মেঘে ঢেকে গেলেও আবার কিছুক্ষণ পরেই সাদা মেঘের ভেলা ভেসে বেড়াতে দেখা গেছে। অথচ গত আগস্ট মাসে বরিশাল সংলগ্ন উত্তর বঙ্গোপসাগরে ৪টি লঘুচাপ সৃষ্টি হলেও বৃষ্টিপতের পরিমাণ ছিল স্বাভাবিকের ৪.৩% কম। কিন্তু জুলাই মাসে স্বাভাবিকের চেয়ে ১২.৬% বেশি বৃষ্টি হয়েছে বরিশালে। চীনা ১২৭ দিন পরে গত ৯ মার্চ বরিশালে সামান্য বৃষ্টিপতের পরে মাসজুড়েই ব্যাপক ঘাটতিতে বোরো ধানসহ বিভিন্ন রবি ফসল আবাদ বিঘ্নিত হয়। ফলে উপাদান ও বিরূপ প্রভাব পেলে। কিন্তু এপ্রিলেই স্বাভাবিকের চেয়ে বেশি বৃষ্টিপতের পরে মে ও জুন মাসজুড়েই বৃষ্টিপাতের ঘাটতি জনস্বাস্থ্যের সাথে কৃষি সেক্টরেও মারাত্মক ঝুঁকি তৈরি করে। এমনকি চলতি মাসে স্বাভাবিক ৩৮৮ মিলিমিটারের স্থলে আবহাওয়া বিশেষ বাণী বরিশালে ৩০০ থেকে ৫৪০ মিলি বৃষ্টিপাতের পূর্বভাস্য দিয়ে রাখলেও মাসের প্রথম ২০ দিনে বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে মাত্র ১৬১.৬ মিলিমিটার। এরমধ্যে গত শেষ রাতেরই ৩২ মিলি বৃষ্টি হয়েছে। এসময়ে উপকূলভাগের সার্বিক বৃষ্টি হয়েছে জেলাতে, ৭৭ মিলিমিটার এবং পটুয়াখালীতে ৬৯ মিলিমিটার। আবহাওয়া বিভাগের মতে, উত্তর আন্দামান সাগর ও তৎসংলগ্ন এলাকায় নতুন করে একটি লঘুচাপ সৃষ্টি হয়েছে। যা উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হতে পারে। মৌসুমী বায়ুর অক্ষ বরিশাল সংলগ্ন উত্তর বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত রয়েছে। চলতি মাসেই মৌসুমী বায়ু দেশের অভ্যন্তরস্থ উপকূলভাগ থেকে বিদায় হবার কথা থাকলেও তা এখনও বরিশালস্থ অভ্যন্তরভাগে সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে মাঝারি অবস্থায় রয়েছে। রোববারও অস্থায়ীভাবে বজ্রসহ হালকা থেকে মাঝারি বর্ষপের পূর্বভাস্য দিয়ে রাখা হলেও আগামী কয়েকদিনে বৃষ্টিপাতের প্রবণতা আবারও হ্রাসের কথা জানিয়েছে আবহাওয়া বিভাগ। এবার বর্ষার সময়সহ শুরঞ্জুড়েও ভাপনা গরমের সাথে অসুভাৱ কারণে জনজীবনে অশান্তি যথেষ্ট বৃদ্ধি করেছে। এমনকি সারা দেশের মতো বরিশাল অঞ্চলজুড়েও আবহাওয়ার নানা অসংগতি কৃষির পাশাপাশি জনস্বাস্থ্যের ওপরও নানা বিরূপ প্রভাব সৃষ্টি করেছে।

১৯ দিনে ২৩ হাজার কোটি

এসেছিল। সেই তুলনায় চলতি অর্ধবছরের একই সময়ে রেমিট্যান্স বেড়েছে ১৩ দশমিক ৮০ শতাংশ। এর আগে চলতি অর্ধবছরের প্রথম মাস জুলাইয়ে রেমিট্যান্স আসার পরিমাণ ছিল ২৮৫ কোটি ৮৭ লাখ ৬০ হাজার ডলার। এর পরের মাস আগস্টে আসে ২৯৬ কোটি ৬৮ লাখ ৮০ হাজার ডলার। গত ২০২৫-২৬ অর্ধবছরের পুরো সময়ে রেমিট্যান্স আসে ৩৫ দশমিক ৫৮ বিলিয়ন ডলার। আর ২০২৪-২৫ অর্ধবছরে আসে ৩০ দশমিক ৩২ বিলিয়ন ডলারের প্রবাসী আয়।

গৌরনীতে চার হাজার পিস

অংশ নেন। এ সময় গৌরনদী মডেল থানা পুলিশের সদস্যরাও তাদের সহযোগিতা করেন। পুলিশ জানায়, অভিযানকালে ইয়াবা পাচারের অভিযোগে দুই ভাইকে আটক করা হয়। পরে তাদের কাছ থেকে ৪ হাজার পিস ইয়াবা উদ্ধার করা হয়েছে। ভিবি পুলিশের সুত্র আরও জানান, আটক পারভেজ হোসেন তুহিনের বিরুদ্ধে বরিশাল জেলার বিভিন্ন থানায় একাধিক মামলা রয়েছে। গৌরনদী মডেল থানার ডিউটি অফিসার এসআই মো. রফিকুল ইসলাম ঘটনার সভ্যতা নিশ্চিত করে বলেন, এ ঘটনায় ভিবি পুলিশের এসআই মো. হেলাল উ

পাকিস্তানে পুলিশ সদর দপ্তরে হামলা, নিহত ৩১

কীর্তনখোলা ডেস্ক

পাকিস্তানের উত্তরাঞ্চলে একটি পুলিশ সদর দপ্তরে বিক্ষোভ ও নিরাপত্তা বাহিনীর সঙ্গে হামলাকারীদের গুলিবিিনিময়ের ঘটনা ঘটেছে। এতে ১৬ জন পুলিশ সদস্যসহ অন্তত ৩১ জন নিহত হয়েছেন। আহত হয়েছেন আরও শতাধিক ও ৩ এর পাতায় দেখুন

কীর্তনখোলা

আত্মতত্ত্বীয় প্রতিদিন

বরিশাল ৯ সোমবার ৯ ২১ সেপ্টেম্বর ২০২৬ ৯ ০৮ আশ্বিন ১৪৩৩

ইরান যুদ্ধে যুক্তরাষ্ট্রের ব্যয় ছাড়াল ৪৫ বিলিয়ন ডলার

কীর্তনখোলা ডেস্ক

ইরানের সঙ্গে যুদ্ধে যুক্তরাষ্ট্রের এখন পর্যন্ত ব্যয় হয়েছে ৪ হাজার ৫১০ কোটি ডলার। গুজরাব মার্কিন কংগ্রেসকে দেওয়া এক হিসাব থেকে এ তথ্য জানিয়েছে পেন্টাগন। বিষয়টি সম্পর্কে অবগত দুটি সূত্রের বরাত দিয়ে এ তথ্য ও এর পাতায় দেখুন



ডেফুলিয়ায় বিশ্ববিদ্যালয়ের জন্য অধিগ্রহণকৃত জমি উদ্ধারের দাবি

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল নগরীর ডেফুলিয়া এলাকায় সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপির সাবেক চেয়ারপারসন মরহুমা বেগম খালেদা জিয়ার স্মৃতিবিজড়িত জমি দখলমুক্ত করার দাবিতে মানববন্ধন ও বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। রোববার (২০ সেপ্টেম্বর) সকাল ১০টা থেকে

নগরীর অশ্বিনী কুমার টাউন হলের সামনের সড়কে প্রায় এক ঘণ্টাব্যাপী এক কর্মসূচি পালন করা হয়। নগরীর ২৭ নম্বর ওয়ার্ডসহ সর্বস্তরের বরিশালবাসীর ব্যানারে আয়োজিত কর্মসূচিতে বিএনপির নেতাকর্মী ও স্থানীয় বাসিন্দারা অংশ নেন। সমাবেশে বক্তারা ডেফুলিয়া মৌজায় একসময় বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার জন্য

নির্ধারিত জমি দখলমুক্ত করে সংরক্ষণের দাবি জানান। তাদের অভিযোগ, দীর্ঘদিন ধরে ওই এলাকার সরকারি খাসজমির বিভিন্ন অংশ দখলের চেষ্টা চলছে। প্রধান অতিথির বক্তব্যে বরিশাল মহানগর বিএনপির সিনিয়র যুগ্ম আহ্বায়ক আফরোজা খানম নাসরীন বলেন, ২০০৬ ও এর পাতায় দেখুন

কৃষক কবির হত্যা আদালতে প্রধান আসামির সহযোগীর স্বীকারোক্তিমূলক জবানবন্দি

মেহেন্দিগঞ্জ প্রতিনিধি বরিশালের মেহেন্দিগঞ্জের কাজীরহাটে কৃষক কবির ব্যাপারী (৫৫) হত্যাকাণ্ডের ঘটনায় ইউসুফ ফরাজী (২৩) নামে আরও একজনকে গ্রেফতার করেছে পুলিশ। রোববার আসামিকে বরিশাল আদালতে তোলা হলে তিনি স্বীকারোক্তিমূলক জবানবন্দি দেন। গ্রেফতার ইউসুফ ফরাজী মেহেন্দিগঞ্জের কাজীরহাট থানার বিদ্যানন্দপুর গ্রামের তাইজুদ্দিন ফরাজীর ছেলে। শনিবার সন্ধ্যা সাড়ে ৬টার দিকে নিজ এলাকা থেকে তাঁকে গ্রেফতার করা হয়। মামলার তদন্তকারী কর্মকর্তা উপপরিদর্শক (এসআই) মো. মামুন বলেন, ‘ইউসুফ ফরাজী মামলার এজাহারনামায় আসামি না। তবে হত্যাকাণ্ডের ২ নম্বর আসামি সেলিম ব্যাপারীর প্রত্যক্ষ সহযোগী ছিলেন বলে তথ্য ছিল। পরে তাঁকে আটক করে প্রাথমিক জিজ্ঞাসাবাদে তিনি হত্যাকাণ্ডে সরাসরি জড়িত থাকার কথা স্বীকার করেন। এরপর তাঁকে আদালতে পাঠানো হলে ১৬৪ ধারায় ‘স্বীকারোক্তিমূলক জবানবন্দি রেকর্ড করা হয়।’ কাজীরহাট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. সিদ্দিকুর রহমান ও এর পাতায় দেখুন



পাঁচ বছর ভোগার পর ভাসমান সেতুতে চার গ্রামের মানুষের স্বস্তি

পটুয়াখালী প্রতিনিধি

পটুয়াখালীর কলাপাড়া উপজেলার লতাচাপলী ইউনিয়নের বড়হরপাড়া খালের ওপর ভাসমান সেতু নির্মাণের ফলে পাঁচ বছর ধরে দুর্ভোগে থাকা চার গ্রামের মানুষের চলাচল স্বস্তি ফিরতে যাচ্ছে। বিশেষ করে পৌরসৌজা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শতাধিক শিক্ষার্থী ও তাদের পরিবারের সদস্যদের বৃকিপূর্ণ যাতায়াতের অবসান হচ্ছে। সুখি মোতাহার উদ্দিনের বাড়ি-সংলগ্ন বড়হরপাড়া খালের ওপর এলজিইডি নির্মিত লোহার সেতুটি প্রায় পাঁচ বছর ও এর পাতায় দেখুন

হামলার ঘটনায় মামলা, গৌরনদীতে মুক্তিযোদ্ধা ও পুত্রবধূকে কুপিয়ে জখম

গৌরনদী প্রতিনিধি

বরিশালের গৌরনদীতে এক মুক্তিযোদ্ধার কাছে চাঁদা করে আসছিল স্থানীয় সন্ত্রাসীরা। চাঁদা না দেয়ায় সন্ত্রাসীরা প্রকাশ্যে দিবালোকে মুক্তিযোদ্ধাকে পিটিয়ে আহত করে। এ হামলার ঘটনায় মুক্তিযোদ্ধা বাড়ি হয়ে একটি মামলা দায়ের করেন। মামলা করায় ক্ষিপ্ত হয়ে সন্ত্রাসীরা পুনরায় বাড়িতে হামলা চালিয়ে ভাঙুরে বটপাট ও মুক্তিযোদ্ধা ও তার প্রবাসী পুত্রের স্ত্রীকে কুপিয়ে জখম করেছে বলে অভিযোগ পাওয়া গেছে। আহতদের গৌরনদী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। এ ঘটনায় থানায় অভিযোগ ও এর পাতায় দেখুন

গুরুজাই বালেশ্বর স্বপ্নের স্বপ্নে মুগ্ধ

ইসলাম ও প্রাচীন শিক্ষার অপর সমন্বয়

লুৎফুর রহমান আলিম (ক্যাডেট) মাদরাসা

লুৎফুর রহমান সড়ক, নতুল্লাবাদ, বরিশাল। ২০২৬ শিকাবর্ষে

আবাসিক অনাবাসিক চে-কেয়ার

দাখিল A+ প্রাপ্তদের জন্য

আকবায়ী সুযোগ-সুবিধা রয়েছে।

যোগাযোগ: ০১৭১২-৯৫১৪২২, ০১৭১১৮৭১৪৮, ০১৭১১-৭০২২৫৭, ০১৭১৪৪৫১১১৪

মাদকাসক্তি ও মানসিক রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে

দি নিউ লাইফ

মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড

যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।

০১৭১৩-৯৫০৯৪১

০১৭১৩-১৬৯৮২৮

এক জালেই ৯৫ মণ ইলিশ বিক্রি ৩০ লাখে

বরগুনা প্রতিনিধি

বঙ্গোপসাগরে এক জালেই ৯৫ মণ ইলিশ ধরা পড়েছে। জাল ফেলার মাত্র দুই ঘণ্টা পর বাকি বাকি ইলিশ ধরা পড়ে জালে। মায়ের পরিমাণ এত বেশি ছিল যে, জাল থেকে ইলিশ ছাড়াতেই হিমশিম খেতে হয় রেজদেদের।

পরে প্রায় ৯৫ মণ ইলিশ নিয়ে বরগুনার পাথরঘাটা বিএফডিসি মৎস্যঘাটে ফেরে ফিশিং ট্রলার এফবি নাজমা। এসব মাছ বিক্রি করে প্রায় ৩০ লাখ টাকা পেয়েছেন ট্রলার মালিক। রোববার (২০ সেপ্টেম্বর) পাথরঘাটা উপজেলা পরিষদের

সাবেক চেয়ারম্যান এনামুল হোসাইনের মালিকানাধীন এফবি নাজমা ট্রলারটি পাথরঘাটা বিএফডিসি মৎস্যঘাটে আসে। ট্রলারের মাছি বাগি জানান, ১৭ সেপ্টেম্বর গভীর সমুদ্রে মাছ শিকারের উদ্দেশ্যে তারা পাথরঘাটা ও এর পাতায় দেখুন

কুয়াকাটার সৌন্দর্যে মুগ্ধ বিদেশিরা বাড়ছে পর্যটকের আনাগোনা

কুয়াকাটা প্রতিনিধি সাগরের নীল জলরাশি, দিগন্তযোড়া আকাশ, সূর্যোদয়-সূর্যাস্ত আর সবুজ ঘেরা উপকূল-প্রকৃতির এমন বৈচিত্র্যময় সৌন্দর্যে দেশি পর্যটকদের পাশাপাশি আকৃষ্ট হচ্ছেন বিদেশিরাও। দিন দিন বাড়ছে তাদের আনাগোনা। বিদেশি পর্যটকদের পদচারণায় নতুন মাত্রা যোগ হচ্ছে পটুয়াখালীর ও স্থানীয় জীবনযাত্রার বৈচিত্র্য উপভোগ করতে কুয়াকাটার পর্যটনে, বাড়ছে উপকূলীয় এ অনেক বিদেশি পর্যটক ও এর পাতায় দেখুন



১২ কোটি টাকার সড়ক তবুও হেলেদুলে চলে গাড়ি

মঠবাড়িয়া প্রতিনিধি

পিরোজপুরের মঠবাড়িয়ায় প্রায় ছয় কিলোমিটার মিষ্খালি সড়ক সংস্কারে ব্যয় ধরা হয়েছিল ১২ কোটি ৩৯ লাখ টাকা। কাজ শুরু হয়েছিল ২০২৩ সালের জুনে। শেষ করার কথা ছিল ২০২৪ সালের এপ্রিলের মধ্যে। তবে নির্ধারিত সময়ের দুই বছরের বেশি সময় পরিয়ে গেলেও কাজ শেষ হয়নি। এখন সড়কের বিভিন্ন অংশে তৈরি হয়েছে ছোট-বড় গর্ত। বৃষ্টির পানি জমে কোথাও কোথাও কাদা হয়েছে। গর্ত এড়িয়ে বৃকি নিয়ে চলছে যানবাহন। স্থানীয় বাসিন্দাদের সঙ্গে কথা বলে জানা গেছে, দীর্ঘদিন ধরে সড়কটি খারাপ ছিল। সংস্কারকাজ শুরু হলে তারা স্বস্তির আশা ও এর পাতায় দেখুন



কিশোরীকে ধর্ষণ করে কারাগারে যুবক

রাঙ্গাবালী প্রতিনিধি

পটুয়াখালীর রাঙ্গাবালী উপজেলার ছোটবাইশদিয়া ইউনিয়নের কাউখালী গ্রামে সন্তান শ্রেণির এক ১৪ বছর বয়সী মাদরাসাছাত্রীকে বিয়ের প্রলোভন দেখিয়ে ধর্ষণের অভিযোগে মামলা হয়েছে। এ ঘটনায় সজল মুখা (২২) নামে এক যুবককে গ্রেপ্তার করেছে পুলিশ। গ্রেপ্তার সজল মুখা ছোটবাইশদিয়া ইউনিয়নের কাউখালি গ্রামের মো. বাবুল মুখার ছেলে। শনিবার (১৯ সেপ্টেম্বর) রাতে কিশোরীর নানি বাদী হয়ে রাঙ্গাবালী থানায় মামলাটি করেন। ও এর পাতায় দেখুন

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন

এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডট্টউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)

অধ্যাপক ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এস্স)

শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ

চেষ্টার: মেডিনোতা ভায়াগনস্টিক কমপ্লেক্স

শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে

বাঁধ রোড, বরিশাল।

রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা

প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা

সিরিয়ালের জন্য: ০১৭৫২-১৩৪৪০৮, ০১৭১১-২৪০৯৬৬

০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-০৫৪৯৭৫

বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল



বিএম কলেজে ঈদে মিলাদুন্নবি সা. উদযাপন ও পুরস্কার বিতরণ

আজিজুল হাকিম সান্নি, বিএম কলেজ

সরকারি ব্রজমোহন (বিএম) কলেজে পবিত্র ঈদে মিলাদুন্নবি (সা.) উদযাপন-২০২৬ উপলক্ষে আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। রবিবার (২০ সেপ্টেম্বর) সকালে কলেজের শিক্ষক মিলনায়তনে এই বর্ণাঢ্য অনুষ্ঠানের আয়োজন করা হয়। কলেজ প্রশাসনের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. শেখ মো. তাজুল ইসলাম। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরিশালের বিভাগীয় কমিশনার খলিল আহমেদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরিশাল রেঞ্জের ডিআইজিব মো. জুলফিকার আলী হায়দার এবং বরিশাল মেট্রোপলিটন পুলিশের (বিএমপি) পুলিশ কমিশনার আর রায়হান মুহাম্মদ সালেহ। ও এর পাতায় দেখুন



বাবা-ছেলে গ্রেফতার ‘ডাকাত’ বলে পুলিশকে পিটিয়ে মাদক ব্যবসায়ী ছিনতাই

মেহেন্দিগঞ্জ প্রতিনিধি

বরিশালের মেহেন্দিগঞ্জে পুলিশের মাদকবিরোধী অভিযানে নাটকীয় ঘটনা ঘটেছে। মাদকসহ আটকের সময় ‘ডাকাত ডাকাত’ বলে চিৎকার করে পুলিশের ওপর হামলা চালিয়ে এক আসামিকে ছিনিয়ে নেওয়ার অভিযোগ উঠেছে। পরে রাতে অভিযান চালিয়ে মূল আসামি ও তার ছেলেকে ফের গ্রেফতার করেছে পুলিশ। এ ঘটনায় চার পুলিশ সদস্য আহত হয়েছেন। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, শনিবার (১৯ সেপ্টেম্বর) দুপুর সাড়ে ১২টার দিকে উপজেলার ১০ নম্বর আলীমাবাদ ইউনিয়নের চরমহিষা গ্রামে অভিযান চালায় মেহেন্দিগঞ্জ থানা পুলিশ। থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মনিম উদ্দিনের নির্দেশে এসআই মো. রুবেল খানের নেতৃত্বে সঙ্গী ফোর্স ও৩ গ্রামের মৃত আব্দুর রব তালুকদারের ছেলে ও এর পাতায় দেখুন

চেতনানাশক স্ট্রেশ ছিটিয়ে দুই শিশুকে অপহরণের চেষ্টার অভিযোগ

নেছারাবাদ প্রতিনিধি

পিরোজপুরের নেছারাবাদে চেতনানাশক স্ট্রেশ ছিটিয়ে দুই শিশুকে অপহরণের চেষ্টার অভিযোগ উঠেছে। তবে ১২ বছর বয়সী কন্যাশিশুটির বৃদ্ধিমাত্রার কারণে অপ্লের জন্য সে ও তার কোলে থাকা ১৬ মাস বয়সী চাচাতো ভাই রুফা পেয়েছে বলে দাবি করেছে পরিবার। উপজেলার বলদিয়া ইউনিয়নের বিন্না গ্রামে এ ঘটনা ঘটে। পরিবার সূত্রে জানা যায়, বিন্না গ্রামের ১২ বছর বয়সী মিমি দুপুরে খাবার খেয়ে তার ১৬ মাস বয়সী চাচাতো ভাই আয়ানকে কোলে নিয়ে বাড়ির সামনে একটি দোকানের কাছে যায়। সেখানে বোরকা পরা এক নারীকে অসুস্থ ব্যক্তির মতো বসে থাকতে দেখে মিমি তার কাছে ও এর পাতায় দেখুন

বিশিষ্টাধির রাহমনি রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে

ঈশিতা কম্পিউটার

All Kinds Of Computer Solution, Accessories Selling, Training & Digital Photography

উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাকিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াটান দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com